REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, ...সের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন ...বার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক ... ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। ...জ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় ...দার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে ...পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

লোহার

**কড়ি, বরগা,**

এঙ্গেল, করগেট, মটকা, পাটি, বল্ট, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড কলিকাতা

বড়বাজার।

১১শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৭ই ভাদ্র বুধবার ১৩৩৭ ইংরাজী 3rd September 1930. | ৭ম সংখ্যা।



# হিলিংবাম

গত ৩৬ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। কর্ণেল কে, পি, গুপ্ত আই, এম, এস, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম, আর, সি, এস ইত্যাদি। এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৷০
" " ছোট শিশি ১৷৷০

## স্যাঙো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন গরম আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙো মহামন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা





## গুণে গন্ধে সৌরভসম্পদে কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।


কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় বিপদ হইতে হইলে

মূল্য আট আনা মাত্র




কর্পূরারিষ্ট ঘর কারমা রাখা উচিত।

ডাক ব্যয় স্বতন্ত্র।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

...বিবা.. প্রভৃতি উৎসবে - -
নূতন অলঙ্কার আপনার - - -
প্রিয়জনকে প্রীতি সম্পাদন করিবে -

আমাদের আয়োজন, অভিজ্ঞতা,
পরিকল্পনা ও গঠন পারিপাট্য অতুলনীয়

## 'LIVETIME' হাতঘড়ি

সুদৃশ্য, সুলভ এবং সুন্দর সময়রক্ষক।

## ঘোষ এণ্ড সন্স

ম্যানুফ্যাক্চারিং জুয়েলার্স এবং ওয়াচ মেকার্স
১৬।১ নং রাধাবাজার ষ্ট্রীট, কলিকাতা।

টেলিফোন কলিকাতা—২৫৯৭ | টেলিগ্রাম GHOSHONS'—Cal.

---

## সুলভে উৎকৃষ্ট জুতা



গঠনে ও স্থায়ীত্বে সর্ব্বশ্রেষ্ঠ এবং
সর্ব্বত্র প্রশংসিত।

ভদ্র মহোদয় ও মহিলাগণের এবং বালক বালিকাদিগের উপযোগী আধুনিক ফ্যাসানের সকল প্রকার জুতা সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে, এবং অর্ডারানুযায়ীও তৈয়ারী করিয়া দেওয়া হয়। সচিত্র মূল্য তালিকার জন্য নিম্ন ঠিকানায় অদ্যই পত্র লিখুন।

### ডব্লিউ, এস, ডসন এণ্ড কোং

মেইল অর্ডার ডিপার্টমেন্ট—
১৪নং হেয়ার ষ্ট্রীট, কলিকাতা।
খুচরা বিক্রয়ের ঠিকানা—
ই ৮৯, কলেজ ষ্ট্রীট মার্কেট, কলিকাতা।
ফোন—২৯৪০ কলিকাতা] [টেলি—এমব্রোকেস কলিঃ

---

বর্ষা আসিতেছে
### ছাদের জন্য
## লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি শীঘ্র সংগ্রহ করুন। উচিত মূল্য ও সততার জন্য প্রসিদ্ধ।

### নিরঞ্জন এণ্ড কোং

প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।

---

MOTOR CARS  MOTOR BUS

# THE NEW FORD.

## নূতন মডেল ফোর্ড কার

এবারে আসিয়াছে।

ইহাতে স্পোক হুইল, চারি চাকায় ব্রেক ও শক্ এবজরভার এবং গিয়ারযুক্ত
ইহার ডিজাইন সম্পূর্ণ নূতন। সম্মুখে পশ্চাতে বাম্পার, স্পীডো-
মিটার, মাইল মিটার, আম্ মিটার, পেট্রল মিটার, ষ্টপ লাইট,
ড্যাস লাইট ইত্যাদি নানারূপ নুতনতর
ফিটিংস্ দ্বারা সুসজ্জিত।

এরূপ সর্ব্বসুন্দর গাড়ী এত অল্প দামে
ইতিপূর্ব্বে কখনও বিক্রয় হয় নাই।

ইহা ৪০ ঘোড়ার ক্ষমতাযুক্ত, ঘণ্টায় ৬০ মাইল স্পীড্ এবং
এক গ্যালন পেট্রলে ৩০ মাইল রাস্তা যাইবে।

দাম—২৫২৫৲ টাকা। কিস্তি করিয়া টাকা দিবার উত্তম ব্যবস্থাও আছে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় এজেন্টস্‌কে পত্র লিখুন বা এখানে আসিয়া গাড়ীতে চড়িয়া স্বয়ং পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

Ford SALES AND SERVICE

**বনয়ারীলাল মুখার্জ্জী এণ্ড সন্স।**
খাগড়া পোঃ (মুর্শিদাবাদ)

---

## —সুরবল্লী কষায়—

—সুস্বাদু, খেতেও কোন হাঙ্গামা নাই—

### দৌর্ব্বল্য

রুগ্ন ও দুর্ব্বল ব্যক্তিদের জন্য সুরবল্লী কষায় বিশেষ উপযোগী কারণ এই সালসায় এমন সব উপাদান আছে যা'তে স্নায়ু ও মাংস-পেশী বলিষ্ঠ ও পরিপুষ্ট হয়। প্রত্যেক শিশির সঙ্গে মাত্রা ও পথ্যা-পথ্যের ব্যবস্থা দেওয়া আছে।

### চর্ম্মরোগ

খোস পাঁচড়া চুলকানি ইত্যাদি রোগে দূষিত রক্ত পরিষ্কারের জন্য সালসা ব্যবস্থা হ'লে সুরবল্লী কষায় ব্যবহার করবেন। এই সালসা সম্পূর্ণ দেশীয় উপাদানে প্রত্যেক দিন আমাদের ঔষধালয়ে প্রস্তত হয়।

**সুরবল্লী কষায়**
সব ডাক্তারখানায় পাওয়া যায়।
এক শিশি ১৸০ টাকা
তিন শিশি ৩৸০ আনা
ডাকমাশুল স্বতন্ত্র।

**সি, কে, সেন এণ্ড কোং লিঃ,**
২৯, কলুটোলা,
কলিকাতা।

বেলজিয়ম ও ফরাসী দেশীয়

# প্রিমিয়ম বণ্ড

## সুদ ও লটারীর একত্র সমাবেশ।

সামান্য মূলধনে প্রতিমাসে লক্ষপতি এমন
কি দশলক্ষপতি হইবার সুযোগ।
পুঁজি হারাইবার আদৌ আশঙ্কা নাই।

### ব্যাপার খানা কি! দেখুন।

এতদ্দেশে যেমন 'ওয়ার বণ্ড', ক্যাস সার্টিফিকেট, কোম্পানির কাগজ, মিউনিসিপাল ডিবেঞ্চার প্রভৃতি কিনিয়া লোকে টাকা খাটাইয়া থাকে, প্রিমিয়ম বণ্ড ফরাসী (ফ্রান্স) দেশে টাকা জমাইবার বা খাটাইবার একটী সুন্দর উপায়। ইহার বিশেষত্ব এই যে—সুদের টাকা তো ছয়মাস অন্তর বা বৎসর অন্তর পাইবেনই উপরন্তু মাসে মাসে (কোন কোন বণ্ডে বৎসরে ছয়বার বা চারিবার) বণ্ডহোল্ডারগণের মধ্যে খুব মোটা টাকার ড্রইং (লটারী বা সুরতি) গবর্ণমেণ্ট অফিসার ও বণ্ডহোল্ডারগণের সম্মুখে হইয়া থাকে। জাল জুয়াচুরি বা তঞ্চকতার ভয় নাই। সামান্য টাকায় বণ্ড কিনিয়া অনেকে অদৃষ্ট ফিরাইয়া লইতেছে। অনেক কাঙ্গাল

[ ৩ ]

বৎসর বৎসর লক্ষপতি হইতেছে। ভারতবর্ষেরও অনেক শিক্ষিত ভদ্র লোক রাজা মহারাজা জজ ম্যাজিষ্ট্রেটগণ এই প্রিমিয়ম বণ্ড ক্রয় করিয়াছেন। যাঁহারা ফরাসী (ফ্রান্স) দেশীয় এই প্রথা জানেন তাঁহারা কখনও অবিশ্বাস করেন না। ইহা উক্ত দেশের গবর্ণমেণ্টের অনুমোদিত। বাঙ্গলার অধিকাংশ লোকই এই বণ্ডের বিষয় অবগত নহেন।

### প্রিমিয়ম বণ্ড সম্বন্ধে বিলাতী সংবাদ পত্রের মতামত।

প্রিমিয়ম বণ্ড সম্বন্ধে বিলাতের 'ডেলীমেল' কি বলেন দেখুন।

"French and Belgian Corporations recognise that municipal loans are the legitimate source of invest-

[ ৪ ]

ment for the savings of the working man, they know how to make their loans attractive, and meet with well deserved success. All the Bonds are to bearer with interest coupons attached, and pass from hand to hand like bank notes without any transfer or legal formality of any kind. A Bond may even be paid away in settlement of an account, as it is always saleable at sight."—*Daily Mail.*

### প্রিমিয়ম বণ্ড লটারী টিকিট নহে।

লটারী টিকিট কিনিয়া যদি লটারীতে নাম না উঠে, আপনার টাকা একদম গরবাদ। প্রিমিয়ম বণ্ডে সে আশঙ্কা নাই। যত দিন না আপনার বণ্ড কোন একটী পুরস্কার না পাইল ততদিন অক্ষত হইয়া

[ ৫ ]

থাকিবে। বৎসর বৎসর সুদ পাইবেন। একটী পুরস্কার পাইলেই বাতিল হইল জানিবেন। পুরস্কার যাহা পাইবেন তাহা বণ্ডের "ফেস্ ভ্যালুর" দাম অপেক্ষা কম হইবে না। এই বণ্ড দান বিক্রয় হেবা হস্তান্তর করা চলে। বন্ধক দিয়া টাকা ধার পাওয়া যায়। যে ব্যাঙ্ক, যে এজেণ্ট বা যে কোম্পানীর নিকট বণ্ড কিনিবেন তাহারাই উহা বন্ধক রাখিয়া টাকা ধার দিবে। বিক্রয় করিয়া দিবে। তবে ফরাসী মুদ্রা ফ্রাঙ্কের মূল্যের হ্রাসবৃদ্ধি অনুসারে বণ্ডের মূল্যের হ্রাসবৃদ্ধি হইয়া থাকে। বন্ধক দিয়া টাকা ধার করিলে বণ্ডে যে সুদ পাওয়া যায় তাহা অপেক্ষ বেশী সুদ দিতে হয়। ইহা দেনাদারের গরজই বলিতে হইবে। শতকরা বার্ষিক ১২৲ টাকার কম সুদে কোন কোম্পানি প্রায়ই বণ্ড বাঁধা রাখেন না।

[ ৬ ]

### কিস্তিবন্দী হিসাবে প্রিমিয়ম বণ্ড ক্রয় খুব সুবিধা।

মনে করুন একখানি বণ্ডের দাম নগদ আশী টাকা। সাধারণ গৃহস্থের পক্ষে এক মুষ্টে ৮০৲ টাকা দিয়া বণ্ড ক্রয় করা অসম্ভব। যাহাতে সকল অবস্থার লোক প্রিমিয়ম বণ্ড কিনিতে পারে তজ্জন্য কিস্তিবন্দী হিসাবে ও বণ্ড বিক্রয়ের ব্যবস্থা আছে। তবে নগদ মূল্য অপেক্ষা কিছু বেশী দাম দিতে হয়। ৮০৲ টাকার বণ্ডখানি মাসিক দশ টাকা কিস্তিবন্দীতে লইলে ৯ মাসে ৯০৲ দিতে হয়। মাসিক ৫৲ হিসাবে কিস্তি করিলে ২০ মাসে ১০০৲ দিতে হয়। নগদ মূল্য দিবা মাত্র রেজিষ্টারী ইন্সিওর যোগে বণ্ড পাঠান হয়। কিস্তিবন্দী হিসাবে লইলে একখানি 'কণ্ট্রাক্ট নোট' দলিল পাঠান হয়। উক্ত দলিলে আপনার প্রাপ্য বণ্ডের নম্বর উল্লেখ থাকিবে। এক কিস্তি বা দুই কিস্তি টাকা দেওয়ার পরই যদি উক্ত নম্বরের বণ্ড ড্রইংএ (লটারীতে) উঠে, তবে পুরস্কারের টাকা সমস্তই আপনি পাইবেন। কেবলমাত্র বাকি কিস্তির দরুন টাকা কাটিয়া রাখিয়া সমস্ত আপনাকে

[ ৭ ]

দেওয়া হইবে। সুতরাং গরীব গৃহস্থের পক্ষেও প্রিমিয়ম বণ্ড ক্রয় করা খুব কঠিন নয়। মাস মাস ড্রইংএর (লটারীর) ফল ছাপা হয়। যিনি যে কোন এক রকমের বা দুই কি তিন রকমের তিন খানা বণ্ড এক সঙ্গে লইবেন তিনি বরাবর মাসে মাসে উক্ত লিষ্ট ছাপা কাগজ বিনা মূল্যে বিনা খরচায় পাইবেন। তিন খানা অপেক্ষা কম সংখ্যক বণ্ডক্রেতাকে ফল জানিবার লিষ্ট পাইবার জন্য বৎসরে ৩৲ টাকা দিতে হয়। তবে ঈশ্বর করেন যদি আপনার বণ্ড ড্রইংএ উঠে তবে তৎক্ষণাৎ ঘরে বসিয়া বিনা ব্যয়ে খবর জানিতে পারিবেন। প্রত্যেক ড্রইংএর পর আপনার বণ্ড-বিক্রেতা আপনার নম্বর মিলাইয়া দেখিয়া আপনার সুফল হইলে তদ্দণ্ডে তার যোগে বা পত্র লিখিয়া জানাইবে। কখনও ঠিকানা পরিবর্ত্তন হইলে বণ্ড বিক্রেতাকে নূতন ঠিকানা জানাইবেন। নচেৎ গোলমাল হইতে পারে। বণ্ড হারাইয়া গেলে টাকা পাইবার আশা নাই। কেননা বণ্ড না দেখাইলে পুরস্কারের টাকা কাহাকেও দেওয়া হয় না। বণ্ড-

[ ৮ ]

ক্রেতার মৃত্যু হইলে তাহার উত্তরাধিকারীগণ যিনি বণ্ড দাখিল করিবেন তিনি ঘরে বসিয়া টাকা পাইবেন। টাকা পাইবার কোন কষ্ট নাই বণ্ড দেখাইবা মাত্র টাকা।

এতৎসঙ্গে সর্ব্বশেষে একখানি অর্ডার ফরম আছে উহা কাটিয়া লইয়া নগদ বা কিস্তিবন্দী যে ভাবে বণ্ড কিনিবেন তদনুযায়ী নগদ মূল্য বা প্রথম কিস্তির টাকা মনি অর্ডার যোগে ও অর্ডার ফরম খানি পূরণ করতঃ খামের মধ্যে নিম্ন ঠিকানায় পাঠাইবেন। কয়েক প্রকার প্রিমিয়ম বণ্ডের বিবরণও এতৎসঙ্গে দেওয়া হইল, সাধ্যমত ক্রয় করিবেন।

ঠিকানা
ম্যানেজার
প্রিমিয়ম বণ্ড সাপ্লাই এজেন্সি
১৩২ বাগমারী ভিলা (ইষ্টার্ণ গেট)
কলিকাতা।

## অর্ডার ফরম।

প্রিমিয়ম বণ্ড-সাপ্লাই এজেন্সির স্বত্বাধিকারী মহাশয় সমীপেষু—

মোঃ ১৩২ বাঘমারী ভিলা (ইষ্টার্ণ গেট) কলিকাতা।

আমি.................................................বণ্ড (নগদ / কিস্তিবন্দীতে) লইব। ইহার (পূর্ণ মূল্য / ১ম কিস্তি) ...............টাকা পাঠাইলাম। আপনি টাকা পাইবামাত্র (বণ্ড / কণ্ট্রাক্ট নোট) আমার নামে রেজেষ্টারী ডাকে পাঠাইবেন। পৃষ্ঠেরলিখিত সর্ত্তে আমি এবং আপনি উভয়ে বাধ্য থাকিব ও থাকিবেন।

স্বাক্ষর

তারিখ...............
সাল...............

শ্রী
গ্রাম
পোষ্ট
জেলা

...ষ্টা। চট্টগ্রামের পটীয়া থানার অন্তর্গত ...য়া গ্রা... প্যারীমোহন বড়ুয়ার বাসস্থান। তিনি ...দেশে থাকেন। বাড়ীতে তাঁহার স্ত্রী, শাশুড়ী, মাতা এবং ১৬।১৭ বৎসরের এক স্বামী-পরিত্যক্তা কন্যা বাস করে। প্রকাশ, নিকটবর্ত্তী কয়েকজন গুণ্ডা অনেক দিন অবধি উক্ত মেয়েকে বাড়ী হইতে বাহির করিয়া লওয়ার জন্য বিশেষ চেষ্টা করিয়া আসিতেছিল। প্যারীমোহন এই ভয়ে শ্রীনিত্যানন্দ নাথকে পাহারায় নিযুক্ত করে। গত ১৩ই জুলাই কয়েকজন গুণ্ডা লাঠি ও অন্যান্য অস্ত্রশস্ত্র লইয়া রাত্রি ১ ঘটিকার সময় প্যারীমোহনের বাড়ী আক্রমণ করিয়া তাহার মেয়েকে বাড়ী হইতে লইয়া যাওয়ার জন্য চেষ্টা করে। বাড়ীর চৌকিদার নিত্যানন্দ বাধা দেওয়ায় তাহাকে গুণ্ডাগণ অস্ত্রাঘাত করে। বাড়ীর লোকের চীৎকারে লোকজন উপস্থিত হওয়াতে দুর্বৃত্তগণ পলাইয়া যায়।

---

## Notice.

BENGAL POLICE.

Applications are invited from candidates resident of Murshidabad district or permanently domiciled therein for appointments of Sub-Inspectors of Police (Pay Rs. 80—5/2—130) which should reach the undersigned on or before the 31st August, 1930.

2. Candidates must be over 21 and under 25 years of age on the 1st of September, 1930 and must be of respectable parentage and of good social standing and moral character. They must have passed the Matriculation Examination or the School Final (Science side) Examination of a Zillah or High School and have a fluent knowledge of English.

3. They must not be less than 5'-3" in height and 30" round the chest.

4. Intending candidates who should apply in the printed form available in the Office of the undersigned should appear for measurement immediately after putting in their applications, in the Reserve Office (Berhampur Police Lines) Candidates will be measured Mondays, and Fridays every week and the last day of measurement will be on the 1st of September (Monday) 1930. It must be distinctly understood that no application which reaches this office after the 31st of August will be entertained and candidates failing to appear for measurement on the 1st of September at the latest will be automatically disqualified.

5. True copies of Matriculation Certificates and other testimonials should be attached with the applications. The originals will have to be produced on the day of measurement and again before the Selection Committee when it is held.

6. Canvasing is strictly forbidden and any one attempting to do so through relatives, friends, patrons or officials will be immediately disqualified. Spontenous recommendation from persons interested in the candidates or otherwise known to them will be disqualified.

7. A candidate who applies more than one district should be automatically disqualified.

Superintendent of Police,
Murshidabad.

Berhampur,
10th August, 1930.

---

সুরেন্দ্র স্মৃতিসভা। গত ৬ই আগষ্ট অপরাহ্ণকালে ভারতে রাজনৈতিক আন্দোলনের অনুষ্ঠাতা ও দেশমান্য নেতা স্যার সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুর ৫ম বার্ষিকী স্মৃতিসভার অধিবেশন হইয়াছিল। বঙ্গদেশের স্থানীয় স্বায়ত্বশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রীযুক্ত কুমার শিবশেখরেশ্বর রায় মহোদয় সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। সভাপতি মহোদয় ভারতে জাতীয় ভাবের জনক দেশপ্রেমিক স্যার সুরেন্দ্রনাথের পবিত্র স্মৃতির প্রতি সম্মান প্রদর্শন করিয়া বলেন,—"স্যার সুরেন্দ্রনাথ পরলোক গমন করিয়াছেন বটে কিন্তু তিনি দেশকে যাহা দিয়া গিয়াছেন, তাহা এখনও বর্ত্তমান আছে। সরকারী নিয়ন্ত্রণের নাগপাশমুক্ত কলিকাতা কর্পোরেশন স্যার সুরেন্দ্রনাথের অক্ষয় কীর্ত্তি।" অতঃপর তিনি বলেন স্যার সুরেন্দ্রনাথই জেলাবোর্ড এবং লোকালবোর্ডসমূহে সরকারী চেয়ারম্যানের পরিবর্ত্তে নির্ব্বাচিত চেয়ারম্যান নিয়োগের প্রথা প্রবর্ত্তিত করিয়া গিয়াছেন।

---

চুষিকাঠি উপহার।—যাঁহারা বর্ত্তমান আন্দোলনে যোগ দিতেছেন না, এমন কয়েকজন পাটনার এডভোকেটকে নেতৃস্থানীয়া মহিলাগণ চুড়ী ও চুষিকাঠি উপহার পাঠাইয়াছেন। খোকা ও মেয়েমানুষ ভাবাপন্ন ব্যক্তিদের উপযুক্ত উপহার।

---

কায়স্থের ব্রাহ্মণত্বের প্রমাণ—বাবু রাজেন্দ্রপ্রসাদ বসুর সহিত বাবু গোপালচন্দ্র সেনের দত্তক পুত্র গ্রহণ সম্বন্ধে পাটনা হাইকোর্টে মোকদ্দমা হইয়াছিল। তাহাতে ঐ হাইকোর্ট রায় দেন যে, তাঁহারা কায়স্থ ও দ্বিজাতি, তাঁহারা শূদ্র নহেন। বিলাতের প্রিভি কাউন্সিল পাটনা হাইকোর্টের সিদ্ধান্ত বজায় রাখিয়াছেন। এইবার বোধ হয় কায়স্থগণ অধিকতর উৎসাহের সহিত পৈতা পরিধান করিবেন।

---


বালকের ফটো—
কখনও পুরাতন হয় না;
কেননা ইহা নবীনের আলোক মাখা।
পত্নীর ফটো—
কখনও মলিন হয় না;
কেননা ইহা প্রেমের স্মৃতি জীবন্ত রাখে।
আপনার ও আপনার পত্নীর একত্র ফটো—
জীবনের স্মৃতিটীকে চিরদিন রঙ্গীন,
স্থায়ী ও মধুর রাখে।
অবসর সময়ে আপনাদের ফটো তোলার সময় নির্দ্দিষ্ট করিয়া খবর দেন।
ফটোগ্রাফার—এ, সি, ব্যানার্জ্জী।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

---


মহারাজা, রাজা, উচ্চ রাজকর্ম্মচারী ও অভিজ্ঞ ডাক্তারগণ কর্তৃক উচ্চ প্রশংসিত
**সোণামুখী তৈল**
কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট মূল্য প্রতি শিশি ৷৵০ বার আনা।

**বাতের তৈল**
সর্ব্বপ্রকার বাতরোগে ফলপ্রদ।
মূল্য ৪ আউন্স শিশি ১।৵০ এক টাকা পাঁচ আনা।।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন বিশ্বাস কবিরত্ন
সোণামুখী অফিস,
মণিগ্রাম পোঃ, (মুর্শিদাবাদ।)

---

# CHEVROLET MOTORS.



A Six at the Cost of a Four.

নব সাজে সজ্জিত ছয় সিলিণ্ডার সেভ্রোলেট কার এবং বাস উভয়েই দামে যেমন সস্তা, কার্য্যে তেমনই মজবুত।

**টুরিং কার ২৫৯৫৲ সীডান ৩৩৭৫৲**

১৮ জন প্যাসেঞ্জার বসিবার উপযুক্ত বাস ২৯৪০৲

পুরাতন গাড়ীর পরিবর্ত্তে নূতন গাড়ী দিবার এবং বাকী টাকা মাসে মাসে কিস্তি করিয়া লওয়ার উত্তম ব্যবস্থা করা হইয়াছে।

আমাদের কারখানায় সর্ব্বপ্রকার গাড়ী সত্বর রং এবং মেরামত করা হয়, চার্জ্জ অতি সুলভ। সকল প্রকার পার্টস্, পেট্রল, টায়ার, টিউব সর্ব্বদা বিক্রয়ার্থে মজুত থাকে। একবার পরীক্ষা প্রার্থনীয়।

এ, এল, মুখার্জ্জী এণ্ড ব্রাদার্স
সাব-এজেন্টস—খাগড়া, (মুর্শিদাবাদ।)

